দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

নং ০০.০১.০০০০.১০৩.৩৫.০৬৩.০৭ (অংশ-১৬)/ ৪৬৭৭ ৭ তারিখ: ০৭ ভাদ্র ১৪৩২ / ২৫ আগস্ট ২০২৫

## অফিস আদেশ

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ অনুযায়ী কোন পাবলিক সার্ভেন্ট আসামী/আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে বিচারার্থে অভিযোগপত্র (চার্জশীট) দাখিল করার মঞ্জুরি (Sanction) পাওয়া গেলে অথবা এরূপ কোন আসামী গ্রেফতার হয়ে কারাগারে প্রেরিত হলে অথবা আদালতে আত্মসমর্পণ করে জামিনে মুক্ত হলে সংশ্লিষ্ট অনুসন্ধানকারী বা তদন্তকারী কর্মকর্তা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট মহাপরিচালকের মাধ্যমে কমিশনকে অবহিত করবেন।

২। দুর্নীতি দমন কমিশনের অনুসন্ধান বা তদন্তের কার্যক্রম অর্থাৎ কোন ব্যক্তির বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র (চার্জশীট) দাখিল/গ্রেফতারপূর্বক কারাগারে প্রেরিত/জামিনে মুক্ত/অনুসন্ধান পরিসমাপ্ত/মামলায় চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত/এনফোর্সমেন্ট পরিচালনাকৃত অভিযোগ পরিসমাপ্ত ইত্যাদি কমিশন কর্তৃক অনুমোদিত হলে কমিশনের পক্ষে সংশ্লিষ্ট মহাপরিচালক/পরিচালক-এর স্বাক্ষরে মন্ত্রিপরিষদ বিভাগ/সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং আসামী/ আসামীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে দ্রুত ব্যবস্থা গ্রহণের সুবিধার্থে প্রেরিত পত্রে সংশ্লিষ্ট যুগ্মসচিব অথবা উপসচিব-এর দৃষ্টি আকর্ষণ করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫/০৮/২০২৫ খ্রি.
দাউদ হোসেন চৌধুরী
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
ফোন: ০২-২২২২২১১৬৫
ইমেইল: d.admin@acc.org.bd

নং ০০.০১.০০০০.১০৩.৩৫.০৬৩.০৭ (অংশ-১৬)/ ৪৬৭৭৭(২০০) তারিখ: ০৭ ভাদ্র ১৪৩২ / ২৫ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, ঢাকা (তাঁর অধীন সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২. পরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যান-এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যান এঁর সানুগ্রহ অবগতির জন্য)।
৪. কমিশনার (তদন্ত)- এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা ((মাননীয় কমিশনার এঁর সানুগ্রহ অবগতির জন্য)।
৫. কমিশনার (অনুসন্ধান)-এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনার এঁর সানুগ্রহ অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৭. উপপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/সমন্বিত জেলা কার্যালয়/জেলা কার্যালয় (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
৮. প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (কমিশনের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৯. অফিস কপি

২৫/০৮/২০২৫ খ্রি.
দাউদ হোসেন চৌধুরী
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
ফোন: ০২-২২২২২১১৬৫
ইমেইল: d.admin@acc.org.bd